

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।  
[www.dls.gov.bd](http://www.dls.gov.bd)

স্মারক নং: ৩৩.০১.০০০০.১১১.২২.০০৯(১০).২১- ১৮৬৭

তারিখ: ২৪/০৭/২০২৩ খ্রিঃ।

বিষয়ঃ “জাগোনারী প্রগতি সংস্থা” (জেএনপিএস) এর চাহিদা অনুযায়ী প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক উৎপাদিত টিকাবীজ ক্রয়, বাস্তবায়ন ও সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা সংক্রান্ত।

সূত্র: (১) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ-২ অধিশাখা এর স্মারক নং ৩৩.০০.০০০০.১১৮.১৫.০১৪.২২.-১৭৪,  
তারিখঃ ১০/০৫/২০২৩ খ্রিঃ ;

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সূত্রে উল্লেখিত স্বাক্ষরের পত্রটি এতদসঙ্গে প্রেরণ করা হলো। বর্ণিত বিষয় ও সূত্রে উল্লেখিত পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০২ (দুই) পৃষ্ঠা।

(ডাঃ মোহাম্মদ রেয়াজুল হক)  
পরিচালক, প্রশাসন

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।  
২৪/৭/২৩

পরিচালক (সকল) বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর/ ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক (গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন), প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা।
- ৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল)।
- ৪। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল)।
- ৫। নির্বাহী পরিচালক, জাগোনারী প্রগতি সংস্থা (জেএনপিএস), গ্রাম+পোঃ আদিতমারী, উপজেলা- আদিতমারী, জেলা-লালমনিরহাট।
- ৬। মহাপরিচালক, মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। (ইহা মহাপরিচালক, মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। পরিচালক, প্রশাসন মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। (ইহা পরিচালক, প্রশাসন মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রাণিসম্পদ-২ অধিশাখা  
www.mofl.gov.bd



স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১১৮.১৫.০১৪.২২.১৭৪

তারিখ: ২৭ বৈশাখ ১৪৩০

১০ মে ২০২৩

বিষয়: “জাগোনারী প্রগতি সংস্থা” (জেএনপিএস) এর চাহিদা অনুযায়ী প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক উৎপাদিত টিকাবীজ ক্রয়, বাস্তবায়ন ও সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা সংক্রান্ত।

সূত্র: ১। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর ডিও নং- ৪১.০০.০০০০.০০১. ৯১.০০১.২২-৪৯৫, তারিখঃ ২৯/১১/২০২২।

২। সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় দপ্তরের স্মারক নং-৪১.০০.০০০০.০০১.৯৯.০০৩.২০২৩-৮৫, তারিখঃ ৯/০২/২০২৩।

৩। প্রাণিসম্পদ অধিদপ্তরের স্মারক নম্বর: স্মারক নম্বর: ৩৩.০১.০০০০. ১১১.২২.০০৯.১৭.১০৮২, তারিখঃ ২৭/০৪/২০২৩।

উপর্যুক্ত বিষয়ে ১ ও ২নং সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ৩নং সূত্রোক্ত স্মারকে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক প্রেরিত নিম্নোক্ত মতামত নির্দেশক্রমে অনুমোদন করা হলোঃ

১) প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা কর্তৃক উৎপাদিত গবাদিপশু ও পোল্ট্রির টিকা মাঠপর্যায়ে প্রয়োগের মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তর রোগ নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা করে আসছে। প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান এর উৎপাদনের উপর ভিত্তি করে এবং মাঠপর্যায়ের চাহিদার সমন্বয় পূর্বক কুলচেইন মেইনটেইন করে স্থানীয়ভাবে গবাদিপশু ও পোল্ট্রির টিকা সরবরাহ করা হয়। পরবর্তীতে প্রাণিসম্পদ অধিদপ্তরের উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ) এবং ভেটেরিনারি ফিল্ড এসিস্ট্যান্ট কর্তৃক গবাদিপশুতে ভ্যাকসিন প্রয়োগ করা হয়।

২) স্থানীয় জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এর সক্রিয় তত্ত্বাবধানে সংস্থাটি সচেতনতামূলক কার্যক্রম পরিচালনাকরতে হবে।

৩) জাগোনারী প্রগতি সংস্থা (জেএনপিএস) এর টিকার চাহিদা সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কর্তৃক অনুমোদনের পর প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা কর্তৃক উৎপাদিত টিকার পর্যাপ্ততা থাকা সাপেক্ষে সরকার নির্ধারিত মূল্যে টিকা সরবরাহ করা হবে। প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা হতে প্রাপ্ত টিকা প্রাণিসম্পদ অধিদপ্তরের উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ) এবং ভেটেরিনারি ফিল্ড এসিস্ট্যান্ট দ্বারা প্রয়োগ করতে হবে। তবে পোল্ট্রি টিকা সংস্থার প্রশিক্ষিত ও দক্ষ মাঠকর্মী দ্বারা প্রয়োগ করার অনুমতি প্রদান করা হলো।

উল্লিখিত অনুমোদিত কার্যক্রমসমূহের মাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বরাবর এবং বাৎসরিক প্রতিবেদন মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে।

২.০। এমতাবস্থায়, উপরেল্লিখিত মতামত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মুহাম্মদ আনোয়ার হোসেন

উপসচিব

ফোন: ২২৩৩৮১১৭

ফ্যাক্স: 9512220

ইমেইল: livestock-2@mofl.gov.bd

বিতরণ :

- ১) মহাপরিচালক (চলতি দায়িত্ব), প্রাণিসম্পদ অধিদপ্তর
- ২) সভাপতি, জাগোনারী প্রগতি সংস্থা (জেএনপিএস),  
গ্রাম+পোস্ট-আদিতমারি, উপজেলা-আদিতমারি, জেলা-  
লালমনিরহাট।

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১১৮.১৫.০১৪.২২.১৭৪/১(৩)

তারিখ: ২৭ বৈশাখ ১৪৩০

১০ মে ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ-২ অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ২) মন্ত্রীর একান্ত সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

১২-৫-২০২৩

মুহাম্মদ আনোয়ার হোসেন

উপসচিব